




বাংলা ভাষা আন্দোলন ছিল ভুল সিদ্ধান্ত: গোলাম আজম



সংগৃহীত ছবি

১৯৭০ সালের ২০ জুন দৈনিক আজাদ—এর প্রতিবেদনে উল্লেখ করা হয়, পূর্ব পাকিস্তান জামায়াতে ইসলামীর আমির অধ্যাপক গোলাম আজম এক সভায় ভাষা আন্দোলনকে ‘ভুল সিদ্ধান্ত’ বলে মন্তব্য করেন। তিনি দাবি করেন, মুসলমানদের ধর্মীয় ও সাংস্কৃতিক জ্ঞানের বড় অংশ সংরক্ষিত ছিল উর্দু ভাষায় এবং পাকিস্তানের জাতীয় ভাষা হিসেবে উর্দুই উপযুক্ত।

১৯৭০ সালের ২০ জুন দৈনিক আজাদ পত্রিকার পঞ্চম পাতায় প্রকাশিত এক সংবাদে জানা যায়, পূর্ব পাকিস্তান জামায়াতে ইসলামীর আমির অধ্যাপক গোলাম আজম সেদিন এক আলোচনা সভায় ভাষা আন্দোলনের বিরোধিতা করে তৎকালীন রাজনৈতিক মহলে নতুন বিতর্কের সৃষ্টি করেন।

সভায় তিনি বলেন, মুসলমানদের ধর্মীয় শিক্ষা, সাহিত্য ও প্রাচীন জ্ঞানের ভাণ্ডার প্রধানত উর্দু ভাষায় সমৃদ্ধ, তাই এই ভাষাকে উপেক্ষা করে বাংলা ভাষার পক্ষে আন্দোলন ছিল ‘সঠিক সিদ্ধান্ত নয়’।

তিনি আরও বলেন, মুসলমানদের অধিকাংশ তন্মুদিন ও ধর্মীয় জ্ঞানের ভাণ্ডার উর্দু ভাষায় সংরক্ষিত রহিয়াছে... জাতীয় ভাষার প্রশ্ন উঠার পর পূর্ব পাকিস্তানে বাংলা ভাষার জন্য আন্দোলনকারীদের মধ্যে আমিও ছিলাম, কিন্তু পাকিস্তান প্রতিষ্ঠার দৃষ্টিকোণ থেকে তাহা মোটেও সঠিক কাজ হয়নি।”

শেষে তিনি বলেন, পাকিস্তানের বিভিন্ন অঞ্চলের মুসলমানদের বোঝার মতো একটি সাধারণ ভাষা ছিল উর্দু, এবং ইসলামী শিক্ষা প্রচার প্রসারে এই ভাষা অধিক কার্যকর। তাঁর মতে, উর্দুই পাকিস্তানের একমাত্র রক্ষার উপযোগী ভাষা ছিল।

অধ্যাপক গোলাম আজমের এমন বক্তব্য সে সময় জনমনে তীব্র প্রতিক্রিয়া সৃষ্টি করেছিল বলে প্রতিবেদনে উল্লেখ রয়েছে।